

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৯৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আযানের সময়ে কানে আগুল প্রবেশ করানো।

### باب مَا جَاءَ فِي إِدْخَالِ الإِصْبَعِ فِي الأُذُنِ عِنْدَ الأَذَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ غِيْلَانَ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ، عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَةَ، عَنْ أَبِيهِ، قَالَ رَأَيْتُ بِلَالَ يُوَدِّنُ وَيُدُورُ وَيَتَّبِعُ فَاهُ هَا هُنَا وَهَذَا هُنَا وَإِصْبَعَاهُ فِي أُذُنَيْهِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي قُبَّةٍ لَهُ حَمْرَاءُ أَرَاهُ قَالَ مِنْ أَدَمٍ فَخَرَجَ بِلَالٌ بَيْنَ يَدَيْهِ بِالْعَنْزَةِ فَرَكَّزَهَا بِالْبَطْحَاءِ فَصَلَّى إِلَيْهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمُرُّ بَيْنَ يَدَيْهِ الْكَلْبُ وَالْحِمَارُ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ كَأَنِّي أَنْظُرُ إِلَى بَرِيقِ سَاقِيهِ . قَالَ سُفْيَانُ نَرَاهُ حِبْرَةً . قَالَ أَبُو عَيْسَى حَدِيثُ أَبِي جُحَيْفَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَعَلَيْهِ الْعَمَلُ عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُّونَ أَنْ يُدْخَلَ الْمُؤَدِّنُ إِصْبَعِيهِ فِي أُذُنَيْهِ فِي الأَذَانِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ وَفِي الإِقَامَةِ أَيضًا يُدْخَلُ إِصْبَعِيهِ فِي أُذُنَيْهِ . وَهُوَ قَوْلُ الأَوْزَاعِيِّ . وَأَبُو جُحَيْفَةَ اسْمُهُ وَهَبُ بْنُ عَبْدِ اللَّهِ السَّوَائِيُّ .

বাংলা

১৯৭. মাহমুদ ইবনু গায়লান (রহঃ) .... আবু জুহায়ফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমি বিলাল রাদিয়াল্লাহু আনহু কে দেখেছি তিনি আযান দিচ্ছিলেন এবং (হায়্যা আলা বলার সময়) ঘুরছিলেন আর তিনি এদিকে এবং ওদিকে তাঁর মুখ ফিরাচ্ছিলেন। তাঁর দুই আগুল ছিল তাঁর কানে। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি লাল তাঁবুতে অস্থান করছিলেন। রাবী আওন বলেন আমার মনে হয় আবু জুহায়ফা বলেছেন যে, তাঁবুটি ছিল চমড়ার। পরে বিলাল রাদিয়াল্লাহু আনহু একটি ছোট ছড়ি নিয়ে বের হলেন এবং এটিকে বাতাহায় গেড়ে দিলেন। এটি সামনে রেখে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করলেন। কুকুর ও গাধাগুলি তাঁর সামনে দিয়ে চলা ফেরা করছিল। তাঁর পরনে ছিল লাল রঙ্গের একটি হুলা। আমি যেন এখনও তাঁর জাংঘাদ্বয়ের উজ্জলতা দর্শন করছি। সুফইয়ান বলেন এই হুলাটি ছিল লাল ডুরিদার। - ইবনু মাজাহ ৭১১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবু জুহায়ফা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। আলিমগণ এই হাদিস অনুসারে আমল গ্রহণ রেছেন। তাঁরা বলেন আযানের সময় মুয়াজ্জীন কর্তৃক স্বীয় কর্ণদ্বয়ে আঙ্গুল প্রবেশ করার মুস্তাহাব। কোন কোন আলিম বলেন ইকামত দেওয়ার সময়ও কানে আঙ্গুল পবেশ করাতে হবে। এ হল ইমাম আওয়াঈ (রহঃ) এর অভিমত। আবু জুহায়ফা রাদিয়াল্লাহু আনহু এর নাম ওয়াহাব ইবনু আবদিল্লাহ আস সুওয়াঈ।

## English

Abu Juhaifah narrated:

"I saw Bilal calling the Adhan, and turning, and his (face) was following here and there, and his (index) fingers were in his ears, and Allah's Messenger was in a small red tent" - "I think," he (one of the narrators) said, "it was made from a hide" - so Bilal went out in front of him with an Anazah which he planted (in the ground) at Batha. Allah's Messenger prayed facing it, and a dog and a donkey passed in front of him; he was wearing a red Hullah, and it is as if I am now looking at the radiance of his shins." Sufyan said: "We think that it was a Hibrah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু জুহাইফাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17386>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন